706

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN 23 1999 ... ...
পৃষ্ঠা ৭৬ .. কলাম ... ৪ ......

## এমপিওভুক্তিতে অনিয়মের অভিযোগ

বর্তমান অর্থ বছরে নতুন ১৪৮৫টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে। কিন্তু নতুন এমপিওভুক্তির ক্ষেত্রে বিভিন্ন অনিয়ম লক্ষ্য করা যাচ্ছে। এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান আছে, যারা এমপিওভুক্তির বিভিন্ন শর্ত পূরণ করা সত্ত্বেও একাধিকবার আবেদন করেও এমপিওভুক্ত হতে পারেনি। অথচ কিছু কিছু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির কোন শর্ত পূরণ না করেও এমপিওভুক্ত হয়েছে। ঢাকা শহরের কলাবাগান লেক সার্কাসে অবস্থিত "বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ" এর একটি বাস্তব উদাহরণ।

বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজের নিজস্ব কোন জমি নেই, বর্তমানে ভাড়া বাড়িতে কার্যক্রম চালাচ্ছে। এই কলেজের কোন ছাত্রী এখন পর্যন্ত পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি, যেখানে পাবলিক পরীক্ষার ফলাফল এমপিওভুক্তির একটি অন্যতম প্রধান শর্ত। সর্বোপরি এটি একটি অনার্স কলেজ। অথচ, এমপিওভুক্তির ক্ষেত্রে অনার্স কলেজের কোন নীতিমালাই নেই। সেক্ষেত্রে এই কলেজটি কি করে এমপিওভুক্ত হয় বোধগম্য নয়। এই কলেজে এইচএসসি এবং ডিগ্রী পাস কোর্স কোনটিরই অস্তিত্ব নেই। কাজেই ডিগ্রী কলেজ হিসাবে যে এমপিওভুক্ত হবে সেটাও সম্ভব নয়। তাছাড়া এই কলেজের অনুমোদিত কোন গভর্নিং বডিও নেই।

এইসব অনিয়মের কারণে অনেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্য ও মেধাবী শিক্ষক থাকা সত্ত্বেও এমপিওভুক্ত হতে পারছে না। ফলে আর্থিক অস্বচ্ছলতার কারণে তারা সঠিকভাবে শিক্ষা দিতে পারছেন না। এভাবে এই অনিয়মগুলো অব্যাহত থাকলে শিক্ষার মান ক্ষুণ্ণ হবে। এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয় এবং মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

*আবদুল মালেক*
২৪ পাইকপাড়া, ১নং মিরপুর, ঢাকা।